

নির্দেশাবলী:

কারা অনুপস্থিত ব্যক্তি ব্যালটের জন্য আবেদন করতে পারেন?

প্রতিটি ব্যক্তি তাঁদের নিজেদের জন্য আবেদন করতে পারেন। অনুপস্থিত ব্যক্তি ব্যালট আবেদনের জন্য ব্রান্ত বিবৃতি দেওয়া, একটি অবৈধ ব্যালট ভোটদানের প্রচেষ্টা করা, অথবা অবৈধ ব্যালট ভোটদানে অপরকে সাহায্য করা একটি গুরুতর অপরাধ।

সামরিক এবং বিদেশে অবস্থিত ভোটদাতাদের জন্য তথ্য:

যদি আপনি অনুপস্থিত ব্যক্তি ব্যালটের জন্য আবেদন করেন কারণ আপনি অথবা আপনার পরিবার সৈন্যবাহিনীতে আছেন অথবা বর্তমানে আপনি বিদেশে বসবাস করছেন, তবে এই আবেদনটি ব্যবহার করবেন না। যদি আপনি কেন্দ্রীয়(ফেডারাল) পোস্টকার্ড আবেদন ব্যবহারের দ্বারা আবেদন করেন, তাহলে আপনি বিশেষ ব্যবস্থাপনার স্বত্বাধিকারী হতে পারেন। সেনা/বিদেশে অবস্থিত ভোটদানের বিষয়ে অধিক তথ্যের জন্য, আপনার নির্বাচনের স্থানীয় বোর্ডে যোগাযোগ করুন অথবা

<http://www.elections.ny.gov/Voting.html> -এ সেনা এবং কেন্দ্রীয়(ফেডারাল) ভোটদান বিভাগ দেখে নিন।

কখন এবং কোথায় আপনার আবেদন জমা দেবেন:

নির্বাচনের সাত দিন আগে আবেদন মেল করতে হবে অথবা নির্বাচনের একদিন পূর্বে আপনার নির্বাচনের কাউন্টি বোর্ডে হাতে-হাতে অর্পণ করতে হবে। যদি এই পত্রে আপনার নির্বাচনের কাউন্টি বোর্ডের ঠিকানা প্রদান না করা হয়, আপনার স্থানীয় নির্বাচন কার্যালয়ের যোগাযোগের তথ্য “নির্বাচনের কাউন্টি বোর্ডের নির্দেশিকার” অধীনে নিউ ইয়র্ক স্টেট নির্বাচন বোর্ডের ওয়েবসাইটে: <http://www.elections.ny.gov/CountyBoards.html> পেতে পারেন।

আপনার যদি অসুস্থতা অথবা অক্ষমতা থেকে থাকে তবে আপনার লভ্য বিকল্পগুলি হল:

আপনি যদি আপনার অসুস্থতা অথবা অক্ষমতা সূচক বাস্তব স্বাক্ষরে টিক দিয়ে থাকেন, এবং আপনার আবেদন অনুমোদিত হলে, পুনরায় কোন আবেদন ব্যতিরেকেই যে ক্ষেত্রে আপনি ভোটদানে যোগ্য হবেন সেই সকল নির্বাচনের জন্য, আপনাকে একটি ব্যালট পাবে। আপনি নিজে অনুপস্থিত ব্যক্তি ব্যালট আবেদনে স্বাক্ষর করতে পারেন, অথবা আপনার চিহ্ন প্রস্তুত করতে পারেন এবং আবেদনের নিচে প্রদত্ত স্থানে আপনার চিহ্নের সাক্ষী রাখতে পারেন। অনুগ্রহ করে মনে রাখুন যে কোন ভোটদানের উদ্দেশ্যে কোন প্রকৃতির নামা অথবা মুদ্রিত নামের স্ট্যাম্প অনুমোদন করা হবে না।

আপনার ব্যালট কখন পাঠানো হবে:

আপনার অনুপস্থিত ব্যক্তি ব্যালট উপাদান যে ক্ষেত্রে আপনি ভোটদানে যোগ্য হবেন, সেই সব কেন্দ্রীয় (ফেডারাল), রাজ্য, কাউন্টি, নগর অথবা শহরের নির্বাচনের কমপক্ষে ৩২ দিন আগে আপনাকে পাঠানো হবে। আপনি যদি এই তারিখের পরে আবেদন করেন তবে আপনার ব্যালট আপনার সম্পন্ন করা এবং স্বাক্ষরিত আবেদন গ্রহণের পরে এবং আপনার স্থানীয় নির্বাচন বোর্ডের প্রক্রিয়াকরণের অনতিবিলম্বে আপনাকে পাঠানো হবে। যে সময় আপনি আপনার কাউন্টি অথবা নিউইয়র্ক শহরে অনুপস্থিত থাকবেন সেই সময় সীমা চিহ্নিত করে আপনি যদি বিভাগ ২-এ তারিখ প্রদান করেন, আপনার নির্দিষ্ট করা এই সময়সীমার মধ্য যে কোন প্রাথমিক, সাধারণ, বিশেষ নির্বাচন অথবা প্রেসিডেন্সিয়াল প্রাথমিক নির্বাচন সংঘটিত হয় তবে তার ব্যালট আপনাকে পাঠানো হবে। আপনি যদি চান তবে বিভাগ ৬ এবং/অথবা বিভাগ ৭, যেটি উপযুক্ত হবে, প্রয়োজনীয় তথ্য সম্পন্ন করার মাধ্যমে আপনি কোন ব্যক্তিকে আপনার জন্য আপনার ব্যালট তুলতে মনোনীত করতে পারেন। আপনি যদি আপনার ব্যালট না পেয়ে থাকেন তবে আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে যোগাযোগ করুন।

BOROUGH OFFICES OF THE BOARD OF ELECTIONS

বোর্ড অব ইলেকশনসের বরো অফিস সমূহ

ম্যানহাটন, 200 Varick Street, New York, N.Y. 10014 (212) 886-2100

ব্রনক্স, 1780 Grand Concourse, Bronx, N.Y. 10457 (718) 960-0730

ব্রুকলিন, 345 Adams Street, Brooklyn, N.Y. 11201 (718) 797-8800

কুইন্স, 126-06 Queens Blvd., Kew Gardens, N.Y. 11415 (718) 730-6730

স্ট্যাটেন আইল্যান্ড, 1 Edgewater Plaza, Staten Island, N.Y. 10305 (718) 876-0079